মেহেরপুরে স্বাস্থ্য সচেতনতায় কালের কণ্ঠ-শুভ সংঘের মাস্ক বিতরণ

স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি ও করোনা ভাইরাস প্রতিরোধে মাস্ক বিহীন পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করেছে কালের কণ্ঠ- শুভ সংঘ মেহেরপুরের সদস্যরা।

আজ বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একডেমীর সামনে কালের কণ্ঠ-শুভ সংঘের মেহেরপুরের সভাপতি প্রভাষক নুরুল আহমেদ মাস্ক বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন।

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সংগঠনের সাধারণ সম্পাদক আল-ইকরাম সোহাগ, সাংগাঠনিক সম্পাদক আল মাসুম, যুগ্ম সাংগাঠনিক সম্পাদক ওমর ফারুক বাপ্পি, কোষাধ্যক্ষ আফসানা বিশ্বাস তিথি, প্রচার ও প্রকাশনা সম্পাদক মোঃ হাসানুজ্জামান, সাহিত্য সম্পাদক সোহেল রানা প্রমুখ।

মেহেরপুর জেলা জুড়ে শুভ সংঘ ২ হাজার মাস্ক বিতরণ কর্মসূচী শুরু হলো। পর্যায়ক্রমে বিভিন্নস্থানে তা বিতরণ করা হবে।

নিলাম বিজ্ঞপ্তি

মেহেরপুর জেলার গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামের দারুস সালাম জামে মসজিদ এর পুরাতন বিল্ডিং নিলামে বিক্রয় করা হবে। আগামী শুক্রবার (৪ ফেব্রুয়ারি ২০২২) নিলাম ঘোষণা করা হবে।

যে বা যাহারা এই পুরাতন বিল্ডিং টা নিতে চান তাহারা যোগাযোগ করুন। মোহাঃ রেজাউর রহমান রেজা, সহসভাপতি, দারুস সালাম জামে মসজিদ, গাড়াবাড়িয়া, গাংনী,মেহেরপুর। মোবাইল নম্বর-01722470991

গাংনীর গাড়াবাড়িয়াতে কয়েক কোটি টাকা নিয়ে উধাও একটি সমবায় সমিতি

মেহেপুরের গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে স্বর্ণালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি নামের একটি বেসরকারি প্রতিষ্ঠান গ্রাহকদের কাছে থেকে কয়েক কোটি টাকা আমানত সংগ্রহ করে উধাও হওয়ার অভিযোগ উঠেছে।

গাড়াবাড়িয়াসহ আশেপাশের কয়েকটি গ্রামের মানুষকে অতিরিক্ত লাভ দেখিয়ে গ্রাহক তৈরি করে কয়েক বছর ধরে অবৈধভাবে এ আমানত সংগ্রহ করতে প্রতিষ্ঠানের প্রধান (সভাপতি) মাহিরুল ইসলাম। আমানতের পরিমাণ সঠিক করে বলতে না পারলেও কয়েক কোটি টাকা হবে ধারণা করছেন গ্রাহকরা। কয়েকদিন ধরে প্রতিষ্ঠান বন্ধ রেখে মাহিরুল ইসলাম গা ঢাকা দিয়েছেন।

বুধবার দুপুরে ওই সমিতিতে অনেক গ্রাহকের লাভের টাকা নিতে এসে অফিস বন্ধ থাকায় ক্ষোভ প্রকাশ করে সেখানে জমায়েত হন। গাড়াবাড়িয়া গ্রামে মাছের ব্যবসা করেন সবুর আলী। অতিরিক্ত লাভ পাবার আশায় স্বর্ণালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতিতে ৬ লাখ টাকা ডিপোজিট করেছিলেন। কয়েক মাস লাখে এক হাজার ৬শ টাকা করে লাভও পেয়েছেন। কিন্তু গত মাসে তাকে আর লাভ দেওয়া হয়নি। এদিকে হঠাৎ করে গত মঙ্গলবার থেকে অফিস বন্ধ থাকায় তিনি পড়েছেন বিপাকে।

সবুর আলীর মত অতিলোভে একই প্রতিষ্ঠানে টাকা জমা করেছেন রবিউল ইসলাম ৩ লাখ ৭০ হাজার, ফিরোজ হোসেন সাড়ে ৩ লাখ, জারাফত আলী (অবসরপ্রাপ্ত পিয়ন) ২ লাখ, জলিল মণ্ডল ৪ লাখ ৩০ হাজার, তোজাম্মেল হক ১ লাখ টাকা, আব্দুস সাত্তার ৪ লাখ, হানুফা বেগম রেখেছেন ৬০ হাজার টাকা। এধরণের শত খানেক মানুষকে গ্রাহক বানিয়ে তাদের কাছে থেকে কয়েক কোটি টাকা সংগ্রহ করেছেন প্রতিষ্ঠান প্রধান মাহিরুল ইসলাম।

এ বিষয়ে স্বর্ণালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির সভাপতি মাহিরুল

ইসলামের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করার চেষ্টা করা হলে তার ফোন বন্ধ পাওয়া যায়।

স্বর্ণালী সঞ্চয় ঋণদান সমবায় সমিতি লিমিটেডের মাঠকর্মী সাহারুল ইসলাম বলেন, তিনি মাঠকর্মী হিসেবে কাজ করতেন। সংস্থার পরিচালক মাহিরুল ইসলাম সব লেনদেন করতেন। এখন মাহিরুলকে তারাও খুঁজে পাচ্ছেন না।

স্থানীয়রা জানান, গাংনী উপজেলার মটমুড়া গ্রামের মাহিরুল ইসলাম ২০১৬ সালে স্বর্ণালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি নামের ওই প্রতিষ্ঠানটি গাড়াবাড়িয়া গ্রামে কার্যক্রম শুরু করে। প্রথম থেকেই তারা স্থানীয় কয়েকজনকে নিয়োগ দেয় কর্মী হিসেবে। বিভিন্ন দোকানে দোকানে ক্ষুদ্র ক্ষুদ্র ঋণ দিয়ে প্রতিদিন সেই ঋণের কিস্তি আদায় করে থাকে। কিন্তু ওই প্রতিষ্ঠানের মালিক মাহিরুল ইসলাম গোপনে অতিরিক্ত লাভ দেওয়ার কথা বলে গ্রাহকদের কাছে থেকে টাকা নিয়ে ডিপোজিট করতো এটা স্থানীয় কেউ জানতো না। গত দুদিন ধরে প্রতিষ্ঠান বন্ধ থাকায় বিষয়টি এলাকার মানুষ জানতে পেরেছে।

গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু বলেন, স্বর্ণালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির মেহেরপুর জেলা কার্যালয় থেকে ২০১৩ সালে নিবন্ধন পেয়েছে। গত অডিট রিপোর্টে তাদের সঞ্চয় দেখানো হয়েছে ১০ লাখ ৩৪হাজার ৬৮০ টাকা, ঋণ দেখানো হয়েছে ১৪ লাখ ৪ হাজার ২৮৬ এবং শেয়ার দেখানো হয়েছে ৩৫ হাজার ৬শ টাকা। সদস্য সংখ্যা ১১৮ জন।

তিনি বলেন, সমবায় থেকে নিবন্ধন নেওয়া কোন প্রতিষ্ঠান আমানত সংগ্রহ (এফডিআর) করতে পারেন না। যেটা কাউকে না জানিয়ে অবৈধভাবে ওই প্রতিষ্ঠান করেছে। গ্রাহকের টাকা নিয়ে পালিয়ে যাওয়ার খবর পেয়ে প্রতিষ্ঠানের দেওয়া সভাপতি ও সাধারণ সম্পাদকের মোবাইল নম্বরে যোগাযোগ করা হলে দুটি নম্বরই বন্ধ পাওয়া গেছে। বিষয়টি জেলা কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারকে জানানো হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান, বিষয়টি শুনেছি। তবে ক্ষতিগ্রস্থদের মধ্যে থেকে কেউ লিখিত বা মৌখিকভাবে কোন অভিযোগ করেনি। অভিযোগ পেলে ওই প্রতিষ্ঠানে বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির শপথ ও অভিষেক অনুষ্ঠান

“সত্যের ফুল ফুটুক কলমে” এই স্লোগানকে সামনে রেখে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির শপথ ও অভিষেক ২০২২ অনুষ্ঠিত হয়েছে।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন এর সভাপতিত্বে বুধবার বেলা ১২ টার দিকে দর্শনা কেরু এন্ড কোম্পানির অফিসার্স ক্লাবে শপথ ও অভিষেক অভিষেক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর। এসময় তিনি বলেন দেশ ও জাতি গঠনে সাংবাদিকদের ভৃমিকা অপরীসীম। একে পুজি করে এই মহান পেশাকে কুলষিত করবেন না।

সাংবাদিরা জাতির বিবেক। আমাদের দেশনেত্রী শেখ হাসিনা দেশকে যেভাবে এগিয়ে নিয়ে যাচ্ছে তার হাতকে শক্তিশালী করতে আপনারা সার্বিক সহযোগিতা করবেন। আমরা সব সময় আপনাদের পাশে আছি এবং থাকব।

তিনি আরও বলেন, সাংবাদিক হল জাতির বিবেক এবং রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ। একজন সাংবাদিক তার লেখার মাধ্যমে দূর্নীতি তুলে ধরে দেশকে একটি সুন্দর এবং দূর্নীতি মুক্ত দেশ গড়ে তুলতে সহযোগিতা করে। সুতরাং আপনারা সবসময়ই সৎ ও নিষ্ঠার সাথে কাজ করবেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান মোঃ আলী মুনসুর বাবু, দর্শনা পৌর মেয়র মোঃ মতিয়ার রহমান, কেরু এন্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মোঃ মোশারফ হোসেন, কেরু এন্ড কোম্পানির মহাব্যবস্থাপক (প্রশাসন) শেখ শাহাবউদ্দিন, দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবীর।

কোরআন তেলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এরপর দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির নব গঠিত কমিটির সকলকে ফুলের শুভেচ্ছা জানান এমপি আলী আজগার টগর এবং দর্শনা প্রেসক্লাবে নতুন

৯ জন সদস্য ইমতিয়াজ আহমেদ রয়েল, ফরহাদ হোসেন, ওয়াসিম রয়েল, আব্দুর রহমান, মাসুম বিল্লাহ, আব্দুল হান্নান, রিফাত, বাঁধন এবং সহযোগী সদস্য ইয়াসিন কে ফুলের শুভেচ্ছা জানানো হয়। আলোচনা শেষে সম্মাননা স্বারক প্রদান করা হয়।

উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সাধারণ সম্পাদক এসএম ওসমান, সহ-সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য প্রযুক্তি সম্পাদক তারিক জামান, দপ্তর সম্পাদক মুনজুরুল ইসলাম, কার্যনির্বাহী সদস্য এফএ আলমগীর, চঞ্চল মেহমুদ ও হানিফ মন্ডল এবং সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু, সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হারুন রাজু, সহ-সম্পাদক নজরুল ইসলাম, সাংগনিক ও অর্থ সম্পাদক মাহমুদ হাসান রনি, তথ্য প্রযুক্তি সম্পাদক মেহেদী হাসান তুহিন, সাহিত্য, সাংষ্কৃতি ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, কার্যনির্বাহী সম্পাদক ইয়াছির আরাফাত মিলন, আহসান হাবীব মামুন ও ইকরামুল হক পিপুল। এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদক সাবির হোসেন মিকা, দর্শনা পৌর বিএনপির সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট, কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি সবুজ আহমেদ, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান ডিস্টিলারির শ্রমিক কর্মকর্তা আঃ রশিদ প্রমুখ।

জীবননগরে ৫টি বজ্র শেল্টার নির্মান কাজের উদ্বোধন করলেন এমপি টগর

জীবননগর উপজেলায় ২০১৯-২০২০ বাস্তবায়ন সময়ের ৫টি বজ্র শেল্টার নির্মান কাজের উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকাল সাড়ে ১১টার সময় জাইকার অর্থায়নে এবং জীবননগর উপজেলা পরিষদের বাস্তবায়নে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে জীবননগর উপজেলার বাকা ইউনিয়নের মিনাজপুর গ্রামের বাজপাড়াসহ উপজেলার ৫টি

স্থানে ১১ লক্ষ ৩৭ হাজার ৫৬৯ টাকা ব্যয়ে কৃষকদের জীবনের নিরাপত্তার সার্থে বজ্র শেল্টার নির্মান কাজের উদ্বোধন করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এসময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলাম, উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মোঃ হুমায়ন কবির, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক নজরুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আব্দুল লতিফ অমল, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, জীবননগর পৌর আওয়ামী লীগের সভাপতি নাসির উদ্দিন, সাধারন সম্পাদক ও সাবেক পৌর মেয়র জাহাঙ্গীর আলম প্রমুখ।

গাংনীর হাড়াভাঙ্গাতে গৃহবধুর আত্মহত্যা

প্রবাসে জেল খেটে বাড়ি ফিরে দ্বিতীয় স্ত্রীর কাছে যাওয়ায় প্রথম স্ত্রী রোকেয়া খাতুন বীষপান করে আত্মহত্যা করেছে।

রোকেয়া খাতুন গাংনী উপজলার হাড়াভাঙ্গা গ্রামের মাসুদ রানার স্ত্রী।সে দুই সন্তানের জননী। বুধবার বিকালের দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান তিনি।

কাজীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইন এ তথ্য নিশ্চিত করেছেন।

স্থানীয়রা জানান, মাসুদ রানা ৪ বছর আগে সৌদী আরবে যান। বৈধ কাগজপত্র না থাকায় সে দেশের পুলিশের হাতে ধরা পড়ে দীর্ঘদিন যাবৎ জেল খাটেন। সে বাংলাদেশে এসে দ্বিতীয় স্ত্রী নারগীছ খাতুনের বাড়িতে ওঠেন। এতে অভিমানে প্রথম স্ত্রী রোকেয়া খাতুন নিজ বাড়িতে বীষপান করেন।

বাড়ির লোকজন বিষয়টি জানতে পেরে তাকে উদ্ধার করে প্রথমে একটি

বেসরকারী ক্লিনিতে নেন। পরে সেখানে তার অবস্থার অবনতি হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বিকালের দিকে মারা যান তিনি। স্থানীয়রা জানান, বিদেশ যাওয়ার আগে মাসুদ রানা নারগীছ খাতুনের সাথে পরোকীয়া করে দ্বিতীয় বিয়ে করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, খবর পেয়ে পুলিশের একটি টীম ঘটনাস্থলে পৌছেছে। মরদেহ উদ্ধারের প্রক্রিয়া চলছে।

ঝিনাইদহে নিরাপদ খাদ্য দিবস পালিত

ঝিনাইদহে জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১টায় কোভিড ১৯ এর স্বাস্থ্য বিধি মেনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মনিরা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ -১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

এসময় আরও উপস্থিত ছিলেন এডিসি জেনারেল সেলিম রেজা পিএএ, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার, সিভিল সার্জন শুভ্রা রানী দেবনাথ, জেলা তথ্য অফিসার আবুবকর সিদ্দিক প্রমুখ।

এছাড়াও ঝিনাইদহ জেলা প্রশাসনের উর্দ্ধতন কর্মকর্তা, ব্যবসায়ী নেতৃবৃন্দ ও সুশীল সমাজের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে মাদক বিরোধী অভিযানে গাঁজা উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাদক বিরোধী অভিযানে এক কেজি গাাঁজা উদ্ধার করেছে জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর।

ধবার সকালে পৌর শহরের সুইপার পাড়ার একটি মেহগনি বাগানে মাটির নিচ থেকে পলিথিন পেপারে মোড়ানো এই গাঁজা উদ্ধার করা হয়। এসময় কাউকে আটক করতে পারেনি মাদক বিরোধী দল।

জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের পরিদর্শক আবুল কালাম আজাদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি কোটচাঁদপুর পৌর এলাকার সুইপার পাড়ায় মাটির নিচে গাঁজা আছে। এমন সংবাদের ভিত্তিতে বুধবার সকালে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ দেলোয়ার হোসেনের নের্তৃত্বে সঙ্গীয় ফোর্স সহ ওই এলাকায় অভিযান পরিচালনা করা হয়।

এসময় একটি মেহগনি গাছের বাগানে মাটির নিচে পুতে রাখা অবস্থায় এক কেজি গাঁজা উদ্ধার করা হয়। তিনি জানান, ঘটনাস্থল থেকে কাউকে আটক করা যায়নি। এব্যাপারে কোটচাঁদপুর থানায় সাধারণ ডায়েরী (জিডি) করা হয়েছে।

মেহেরপুরে আরও ৩১ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৩১ জন করোনায় আক্রান্ত হয়েছেন।

নতুন আক্রান্তদের মধ্যে সদরে ২২ জন, গাংনী ৪ জন এবং মুজিবনগরে ৫ জন। বুধবার রাতে জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে এ তথ্য জানা গেছে।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৮৮ টি। তারমধ্যে ৩১ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ২২০ জন। তার মধ্যে সদরে ১২৯ জন, গাংনীতে ৬৩ জন এবং মুজিবনগরে ২৮ জন।

গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পানিতে ডুবে জিহান হোসেন (২) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

বুধবার দুপুর ১২ টায় উপজেলা রায়পুর ইউনিয়নের শালদহ গ্রামে এ ঘটনা ঘটে। শিশু জিহান হোসেন শালদহ গ্রামের জিনারুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানান,জিহান হোসেন বাড়ির মধ্যে খেলা খেলছিলো। কিছুক্ষন পর তাকে আর খুঁজে পাইনি পরিবারের সদস্যরা। পরে বাড়ির পার্শে একটি গর্তে জিহান হোসেনের মরদেহ ভাসতে দেখে উদ্ধার করা হয়। প্রতিবেশিদের ধারনা খেলা খেলার সময় জিহান হোসেন অসাবধানতাবসত পানিতে পড়ে তার মৃত্যু হয়।

এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন রায়পুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু।